

উপাচার্য, ডিন ও বিভাগীয় প্রধানদের একযোগে পদত্যাগ

অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা বেসরকারি বিশ্ববিদ্যালয় ইউআইইউ

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ০২:১৪, ২৮ এপ্রিল ২০২৫; আপডেট: ০২:২২, ২৮ এপ্রিল ২০২৫



ছবি: প্রতীকী

রাজধানীর বেসরকারি বিশ্ববিদ্যালয় ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির (ইউআইইউ) শিক্ষা কার্যক্রম অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। রোববার (২৭ এপ্রিল) রাতে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. মো. জুলফিকার রহমান এক বিজ্ঞপ্তির মাধ্যমে এই সিদ্ধান্তের কথা জানান।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের দেওয়া বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, উপাচার্য, বিভিন্ন বিভাগীয় প্রধান এবং ডিনসহ মোট ১১ জন গুরুত্বপূর্ণ প্রশাসনিক কর্মকর্তার পদত্যাগের কারণে বিশ্ববিদ্যালয়টির স্বাভাবিক পরিচালনা কার্যক্রম

ব্যাহত হচ্ছে। এই পরিস্থিতিতে সোমবার (২৮ এপ্রিল) থেকে পরবর্তী ঘোষণা না দেওয়া পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের সব শিক্ষা কার্যক্রম বন্ধ থাকবে।

কর্তৃপক্ষ আরও জানিয়েছে, পদত্যাগকারী উপাচার্য এবং বিভাগীয় প্রধানদের পদে নতুন নিয়োগ দেওয়া না পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের সব অ্যাকাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম স্থগিত থাকবে।

এর আগে, উপাচার্য অধ্যাপক আবুল কাসেম মিয়াসহ ১১ জন বিভাগীয় প্রধানের পদত্যাগের কারণ নিয়ে রোববার দুপুরে বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে ব্রিফিং করেন আন্দোলনরত শিক্ষার্থীরা।

তারা জানান, উপাচার্য এবং কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগের প্রধান ছাড়া তারা অন্য শিক্ষকদের পদত্যাগ চান না। শিক্ষার্থীরা বাকি শিক্ষকদের তাদের পদত্যাগপত্র প্রত্যাহারেরও দাবি জানান।

উল্লেখ্য, বিশ্ববিদ্যালয়ের ফেসবুক পেজে প্রকাশিত পদত্যাগপত্রের ছবি অনুযায়ী শনিবার (২৬ এপ্রিল) ইউআইইউর উপাচার্য অধ্যাপক আবুল কাসেম মিয়া পদত্যাগ করার সিদ্ধান্ত নেন। পদত্যাগপত্রে তিনি উল্লেখ করেন, কিছু শিক্ষার্থী কর্তৃক বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরে অসৌজন্যমূলক ও অসম্মানজনক পরিস্থিতি সৃষ্টির কারণে তিনি পদত্যাগ করতে বাধ্য হয়েছেন।

এরপর উপাচার্যের পদত্যাগের প্রতিবাদে বিশ্ববিদ্যালয়ের সব ডিন, বিভাগীয় প্রধান ও পরিচালকরাও তাদের প্রশাসনিক পদ থেকে একযোগে পদত্যাগ করেন।